অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

সহায়তামূলক আবাসনের জন্য 30 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

এসব অনুদান ভেটেরান, গুরুতর মানসিক অসুস্থতা অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার সম্মুখীন হয়েছেন এমন ব্যক্তি, ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী, এবং প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য পরিষেবাসমূহে অর্থায়ন করবে

এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগ নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের মাইলফলকস্বরূপ 1 বিলিয়ন ডলারের পরিকল্পনার পরিপূরক হিসেবে কাজ করছে।

গভর্নর ক্যাথি হোকল আজ প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি, ঘরোয়া ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার হওয়া ভুক্তভোগী, ভেটেরান এবং দীর্ঘস্থায়ীভাবে গৃহহীন পরিবার এবং মানসিক অসুস্থতা অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত ব্যক্তিদেরকে সেবা প্রদান করার জন্য সহায়তামূলক আবাসন খাতে 30 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছেন। স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) কর্তৃক পরিচালিত এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) অষ্টম রাউন্ডের তহবিল থেকে 122টি অনুদান বরাদ্দ করা হয়েছে, যা সর্বোচ্চ 4,839টি সহায়তামূলক আবাসিক ইউনিটের জন্য পরিষেবাসমূহের এবং কার্যক্রম পরিচালনার ব্যয় নির্বাহের জন্য শর্তসাপেক্ষ অনুদান প্রদান করবে।

"নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করে তোলা এবং সব নিউ ইয়র্কবাসী যাতে নিজেদের কমিউনিটির মধ্যে সফলভাবে বসবাস করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমাদের প্রচেষ্টায় সহায়তামূলক আবাসন অতি গুরুত্বপূর্ণ একটি ভূমিকা পালন করে," **বলেছেন গভর্নর হোকল।** "এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগ ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে স্বনির্ভরভাবে নিরাপদে জীবনযাপন করার জন্য তারা নির্ভর করতে পারবেন এমন পরিষেবাগুলো প্রদান করার জন্য প্রয়োজনীয় তহবিল প্রদান করে।"

এটি চালু হওয়ার পর থেকে এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগ ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সেবা প্রদান করা 8,400টিরও বেশি ইউনিটের জন্য কার্যক্রম পরিচালনা করার তহবিল প্রদান করেছে। অষ্টম রাউন্ডের অনুদানগুলোর একটি সম্পূর্ণ তালিকা দেখুন।

এই উদ্যোগ গৃহহীন অবস্থায় থাকা ভেটেরান এবং তাদের পরিবার; ঘরোয়া ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তি; বয়স্ক ব্যক্তি যারা প্রতিবন্ধী বা দুর্বল; কারাভোগ করার, গৃহহীন অবস্থায় থাকার, অথবা ফস্টার কেয়ারে থাকার ইতিহাস রয়েছে এমন তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি; দীর্ঘদিন ধরে গৃহহীন অবস্থায় থাকা ব্যক্তি ও পরিবারগুলো; বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তি; কারাগার থেকে বের হয়ে পুনরায় সমাজে প্রবেশ করতে যাচ্ছেন এমন ব্যক্তি; HIV বা এইডস, গুরুতর মানসিক অসুস্থতা এবং/অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত হয়ে বসবাস করছেন এমন ব্যক্তিদেরকে সেবা প্রদানকারী সহায়তামূলক পরিষেবা প্রদানকারীদের জন্য কার্যপরিচালনার তহবিল প্রদান করে। স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) এই তহবিলের জন্য নেতৃত্বে থাকা প্রোকিউরমেন্ট এজেন্সি হিসেবে কাজ করছে, যে অনুদান ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদেরকে সেবা দেওয়ার জন্য কাজ করা আটটি স্টেট সংস্থার আন্তঃসংস্থা ওয়ার্কগ্রুপগুলোর মাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়।

এই তহবিল টার্গেটকৃত উপযুক্ত জনগোষ্ঠীর আবাসনের স্থিতিশীলতা নিশ্চিত করতে তাদেরকে ভাড়া সংক্রান্ত সহায়তা ও পরিষেবাসমূহ প্রদানের জন্য ব্যবহার করা যাবে। অনুমোদিত ব্যবহারগুলোর মধ্যে ভাড়া সংক্রান্ত ভর্তুকি এবং বাসস্থান ধরে রাখার অন্যান্য খরচ; আবাসনের প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের শনাক্ত করা ও খুঁজে বের করার জন্য পরিষেবা বা কর্মী; প্রাথমিক ও আচরণগত স্বাস্থ্যসেবা; কর্মসংস্থান ও কারিগরি প্রশিক্ষণ; শিক্ষাগত সহায়তা, সন্তান লালন-পালনের দক্ষতা উন্নয়ন ও সহায়তা; চাইল্ড কেয়ার সহায়তা; কাউন্সেলিং ও সংকটকালীন মধ্যস্থতা; শিশুদের পরিষেবা, যেমন শিক্ষা সংক্রান্ত পরামর্শ, সহায়তা ও কাউন্সেলিং; এবং ব্যক্তি ও পরিবারগুলোকে স্থিতিশীল আবাসনে থাকতে সাহায্যকারী পরিষেবাগুলোর সাথে সম্পর্কিত ব্যয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে।

প্রকল্পগুলো স্থায়ী সহায়তামূলক আবাসিক ইউনিট পরিচালনার জন্য প্রয়োজনীয় পরিষেবা ও কার্যপরিচালনার ব্যয় বহনের জন্য প্রতি বছর প্রতি ইউনিটের জন্য 25,000 ডলার পর্যন্ত পেতে পারে। অনুদানগুলো শর্তসাপেক্ষ এবং একীভূত সাশ্রয়ী সহায়তামূলক আবাসন তৈরি করার উদ্দেশ্যে কোনো প্রকল্পের নতুন নির্মাণকাজের জন্য মূলধনী তহবিল নিশ্চিত করা, অনাবাসিক সম্পত্তির সামঞ্জস্যপূর্ণ পুনর্ব্যবহার, অথবা অনিয়ন্ত্রিত আবাসিক সম্পত্তির পুনর্বাসনের উপর নির্ভর করবে।

গবেষণায় দেখা গেছে যে স্থায়ী সহায়তামূলক আবাসন কর্মসংস্থান, স্কুলে উপস্থিতির হার, এবং মানসিক ও শারীরিক সুস্থতার উপর একটি ইতিবাচক প্রভাব ফেলার পাশাপাশি আশ্রয়কেন্দ্র, হাসপাতালের বেড, ইমার্জেন্সি রুম, কারাগার, ও জেলখানার চাহিদা কমিয়ে আনে। এছাড়াও সহায়তামূলক আবাসন প্রকল্পগুলো নতুন ভবন নির্মাণ অথবা বিদ্যমান ভবনগুলো সংস্কার করার মাধ্যমে আশেপাশের এলাকাগুলোতে ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

এই উদ্যোগ স্টেটের মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের মাইলফলকস্বরূপ 1 বিলিয়ন ডলারের একাধিক বছর মেয়াদী পরিকল্পনার পরিপূরক হিসেবে ভূমিকা রাখবে এবং স্টেটজুড়ে মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ না হওয়া ব্যক্তিদের সংখ্যা ব্যাপকভাবে কমিয়ে আনবে। 2024 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে গ্রহণ করা এই

পরিকল্পনায় মানসিক অসুস্থতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য 3,500 নতুন আবাসিক ইউনিটের জন্য তহবিল, বহির্বিভাগের রোগীদের পরিষেবাসমূহ নাটকীয়ভাবে সম্প্রসারণ করা, এবং আচরণগত স্বাস্থ্য পরিষেবার জন্য বিমা কভারেজের ব্যবধান দূর করা, ক্যারিয়ারদের জন্য প্রাপ্তবয়স্ক এবং শিশুদের উভয়ের জন্য মেডিকেল দিক থেকে অপরিহার্য, উচ্চ-চাহিদাসম্পন্ন, তীব্র এবং সংকটকালীন মানসিক স্বাস্থ্য পরিষেবার অ্যাক্সেস প্রদান করতে অস্বীকৃতি জানানো নিষিদ্ধ করা অন্তর্ভুক্ত রয়েছে।

অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "গভর্নর হোকল দীর্ঘ সময় ধরে সহায়তামূলক আবাসনের ব্যাপারে সমর্থন প্রদান করে আসছেন এবং তিনি স্টেটজুড়ে আরো সক্ষমতা গড়ে তোলার প্রয়োজনীয়তা অনুধাবন করেন। তার অঙ্গীকারাবদ্ধতা হাজার হাজার ব্যক্তি এবং পরিবারকে নিজেদের বাড়িতে বসবাস করা অবস্থায় তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলো পেতে সাহায্য করেছে। নিরাপদ ও মর্যাদাপূর্ণ আবাসন মানসিক অসুস্থতা এবং মাদকদ্রব্যের ব্যবহার সংক্রান্ত সমস্যার সম্মুখীন হওয়া ব্যক্তিদের, আমাদের ভেটেরানদের এবং জীবনের সংকটপূর্ণ বিভিন্ন সমস্যার সম্মুখীন হওয়া অন্যান্য ব্যক্তিদেরকে সফলভাবে সুস্থ হয়ে উঠার জন্য তাদের প্রয়োজনীয় স্থিতিশীলতা ও সহায়তা প্রদান করবে।"

অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports)-এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "আসক্তির কারণে ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের জন্য সহায়তামূলক আবাসন তাদের স্বাস্থ্য ও সুস্থতার উপর একটি শক্তশালী প্রভাব রাখতে পারে এবং এখানে নিউ ইয়র্ক স্টেটে লভ্য আসক্তি সংক্রান্ত পরিষেবাসমূহ অব্যাহত রাখার একটি গুরুত্বপূর্ণ অংশ। গভর্নর হোকলের চলমান প্রচেষ্টার সুবাদে, এই উদ্যোগ নিউ ইয়র্ক স্টেট জুড়ে সহায়তামূলক আবাসনের অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্প্রসারণে সহায়তা করা অব্যাহত রেখেছে, যা আসক্তির কারণে ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের এবং তাদের পরিবারগুলোকে তাদের প্রয়োজনীয় সাহায্য এবং সংস্থানসমূহ খুঁজে পেতে সাহায্য করছে। নিউ ইয়র্কবাসীদের জন্য এটি যে অব্যাহত সুফল বয়ে আনবে আমরা তার প্রতীক্ষায় রয়েছি।"

অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "আমরা কৃতজ্ঞ যে নিজেদের কমিউনিটিতে স্থিতিশীল জীবন অর্জন করা এবং বজায় রাখার জন্য সাবেক গৃহহীন অবস্থার সম্মুখীন পরিবার ও ব্যক্তিদের ক্ষমতায়নের জন্য সহায়তামূলক আবাসন যে অপরিহার্য ভূমিকা পালন করে সে বিষয়টি গভর্নর হোকল স্বীকার করেছেন। এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের তহবিল গৃহহীনতার সম্মুখীন হওয়া পরিবার ও ব্যক্তিদেরকে স্থায়ী সহায়তামূলক আবাসন সরবরাহ করার জন্য OTDA-এর কাজের একটি মূল উপাদান।"

শিশু ও পারিবারিক পরিষেবা অফিসের (Office of Children and Family Services) ভারপ্রাপ্ত কমিশনার, সুজান মাইলস-গুস্তাভ, এস্ক., বলেন, "সব শিশু ও পরিবারের স্বাস্থ্য ও সুস্থতা উন্নয়নের জন্য সাহসী পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্কবাসীরা যখন ক্রমবর্ধমান জটিল চ্যালেঞ্জসমূহের সম্মুখীন হচ্ছে এমন এক সময়ে, আমাদের অবিচল সহায়তা পাওয়া যাদের প্রয়োজন রয়েছে তাদেরকে স্থিতিশীল, আরো বেশি সমতাপূর্ণ আবাসন এবং জীবন পরিবর্তনকারী মানসিক স্বাস্থ্য এবং মাদকদ্রব্য

ব্যবহারের সমস্যা সংক্রান্ত কর্মসূচিসমূহের সরাসরি অ্যাক্সেস প্রদান করা হবে। এসব ক্রস-সিস্টেম পরিষেবা আমাদের অংশীদার স্টেট সংস্থাগুলোর পাশাপাশি OCFS-এর কাজের কেন্দ্রবিন্দুতে রয়েছে, যেটি নিরাপত্তার একটি অধিকতর শক্তিশালী অনুভূতি গড়ে তুলতে সাহায্য করছে যা ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোকে এমন সব উপায়ে সমৃদ্ধি অর্জন করার সুযোগ করে দিচ্ছে যা এসব অতি গুরুত্বপূর্ণ সংস্থান ব্যতীত সম্ভবই হতো না।"

স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বে, এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগ এবং এই বার্ষিক বিনিয়োগ আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের জীবনে এবং ভবিষ্যত স্বাস্থ্য ফলাফলের ক্ষেত্রে একটি পার্থক্য তৈরি করছে, যাদের মধ্যে ভেটেরান, ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী এবং গুরুতর মানসিক অসুস্থতা অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার সম্মুখীন হওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত রয়েছেন। বসবাসের জন্য একটি নিরাপদ ও সাশ্রয়ী স্থান পাওয়া একজন ব্যক্তির সামগ্রিক স্বাস্থ্যের উপর ইতিবাচক প্রভাব ফেলে।"

বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office for People With Developmental Disabilities)-এর কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "এসব আবাসিক সুযোগ-সুবিধা আমাদের এলাকাকে বৈচিত্র্যময় করে তুলছে এবং বিকাশ সংক্রান্ত অক্ষমতার সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে নিজেদের কমিউনিটির অংশ হিসেবে অধিকতর স্বনির্ভরভাবে জীবন যাপন করার জন্য ক্ষমতায়ন করছে। আরো বেশি অন্তর্ভুক্তিমূলক নিউ ইয়র্কের রূপকল্প বাস্তবায়নের চিন্তা করায় গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগকে ধন্যবাদ।"

ডিভিশন অব হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Division of Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "আজকের এই জীবন পরিবর্তনকারী অনুদানগুলো হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে একটি বাড়ির নিরাপত্তা ও স্থিতিশীলতা প্রদান করবে এবং এসব ব্যক্তিকে নিজেদের কমিউনিটিতে সমৃদ্ধি অর্জনের সক্ষমতা প্রদান করবে এমন উপযুক্ত সহায়তামূলক পরিষেবাগুলোর অ্যাক্সেস নিশ্চিত করবে। এসব যোগ্য অনুদান গ্রহীতা যাদের প্রয়োজন রয়েছে এমন মানুষদের জন্য সাশ্রয়ী বাড়ি ও সেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে অসাধারণ অংশীদার হিসেবে ভূমিকা পালন করছে। মানসিক স্বাস্থ্য সংকট মোকাবেলা করা এবং স্টেটজুড়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সুযোগ-সুবিধা তৈরি করার ব্যাপারে তার অব্যাহত অঙ্গীকারাবদ্ধতার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন, "বেঁচে ফিরে আসা ভুক্তভোগীদের জন্য এবং তাদের পরিবারের জন্য স্বাধীনতা অর্জন এবং সুস্থ হয়ে উঠার যাত্রায় নিরাপদ আবাসন একটি অপরিহার্য বিষয়। ভুক্তভোগী-কেন্দ্রিক, মানসিক আঘাত সম্পর্কে অবহিত, এবং সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল কর্মসূচিসমূহের মাধ্যমে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ভুক্তভোগীদেরকে সাহায্য করার ব্যাপারে তার অব্যাহত সহায়তার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ। এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগ ঘরোয়া সহিংসতার কারণে গৃহহীনতার সম্মুখীন হওয়া পরিবারগুলোকে স্থিতিশীলতা অর্জন করতে সাহায্য করে।"

স্টেট সিনেটর সামরা ব্রুক বলেন, "আবাসন একটি মানবাধিকার এবং স্টেটজুড়ে নিউ ইয়র্কবাসীদের জন্য সহায়তামূলক আবাসনের অপশনের জন্য দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় বলে অনুভূত হওয়া বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়ায় আমি গভর্নরের প্রতি কৃতজ্ঞ। এসব বিনিয়োগ মানসিক স্বাস্থ্য সহায়তা যেন যাদের সেগুলো সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য অ্যাক্সেসযোগ্য থাকে সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ একটি উপাদান, এবং ফৌজদারি বিচার ব্যবস্থার সঙ্গে ইন্টারঅ্যাকশনের ফলে মানসিক স্বাস্থ্য সমস্যা নিয়ে জীবন যাপন করছেন এমন ব্যক্তিদের জীবনের গতিপথ পরিবর্তনের জন্য অপরিহার্য। নিউ ইয়র্কবাসীরা যেন তাদের প্রাপ্য মর্যাদাপূর্ণ আবাসনের অ্যাক্সেস পান সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকল এবং অফিস অব মেন্টাল হেলথ-এর সঙ্গে চলমান সহযোগিতা চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন গুন্থার বলেন, "আমি এটা দেখে আনন্দিত যে নিউ ইয়র্ক স্টেট আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ অধিবাসীদের জন্য অতি গুরুত্বপূর্ণ সংস্থানসমূহে বিনিয়োগ করছে। আবাসন একটি মৌলিক মানবাধিকার, এবং ঘোষণা করা তহবিল স্টেটজুড়ে চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে বসবাস করার একটি স্থান নিশ্চিত করতে, বিশেষ চাহিদাগুলো পূরণের জন্য পরিষেবাসমূহের অ্যাক্সেস পেতে, এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যাগুলো মোকাবেলা করতে সাহায্য করবে। যাদের প্রয়োজন রয়েছে সেসব ব্যক্তির প্রতি আমাদের সমর্থন অব্যাহত রাখা এবং তাদেরকে সহায়তা করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে সবার জন্য সহায়তামূলক আবাসন লভ্য ও অ্যাক্সেসযোগ্য করে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন